



নারায়ণগঞ্জ চারুকলা ইনস্টিটিউট



নারায়ণগঞ্জ চারুকলা ইনস্টিটিউট ১৯৯৪ সালের ০৯নভেম্বর নগরীর চাষাঢ়াস্থ রেলস্টেশন মসজিদের পিছনে চিত্রশিল্পী সমীরন চৌধুরী মাত্র ০৪জন শিক্ষার্থী নিয়ে অস্থায়ীভাবে যাত্রা শুরু করে এবং ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়। অতঃপর ১৯৯৬ সালে ১৪জন শিক্ষার্থী নিয়ে জিমখানা বস্তি সংলগ্ন জায়গায় ছোট্ট পরিসরে গড়ে তোলা হয় স্থায়ী ক্যাম্পাস। পরবর্তীতে নারায়ণগঞ্জ চারুকলা ইনস্টিটিউট ১৯৯৯ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়।

চারুকলা ইনস্টিটিউট অতি পুরনো এবং জরাজীর্ণ অবস্থা থাকায় শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণে ব্যাপক সমস্যার সম্মুখীন হতে হতো। এই অবস্থা অনুধাবন করতঃ মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী শিক্ষার্থীদের একটি আধুনিক ও মনোরম পরিবেশে শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টির লক্ষ্যে স্বনামধন্য প্রতিষ্ঠান ভিত্তি স্থপতিবৃন্দ লি. কর্তৃক এর নকশা প্রণয়ন করেন। বিগত ০১/০৯/২০১৯খ্রিঃ তারিখে মাননীয় মেয়র প্রায় ১ একর জায়গার উপর ০৩ তলা বিশিষ্ট চারুকলা ভবনের (৫তলা ভিত বিশিষ্ট) ভিত্তি প্রস্তর স্থাপন করেন। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত শেখ রাসেল পার্কের অত্যন্ত নয়নাভিরাম এবং মনোরম পরিবেশে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ২২ হাজার ৫০০ বর্গফুট (প্রতি ফ্লোর ৭৫০০ বর্গফুট) আয়তন বিশিষ্ট চারুকলা ভবনের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়। উক্ত ভবনে আর্ট গ্যালারি, হল রুম, শ্রেণী কক্ষ ও অফিস সহ উন্মুক্ত গ্রাউন্ড ফ্লোর এর ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়া প্রায় ১০৭০ বর্গফুট বিশিষ্ট নান্দনিক বৃত্তাকার লাইব্রেরি সুবিধা রয়েছে। এ ভবনটি নির্মাণে ব্যয় হয়েছে ০৮ কোটি ৪০ লক্ষ টাকা। এ ইনস্টিটিউটে বর্তমানে পেইন্টিং ও গ্রাফিক্স ডিজাইন বিভাগে ০৫ বছর মেয়াদী বিএফএ (পাস) এবং ০৪ বছর মেয়াদী বিএফএ (সম্মান) শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে বিভিন্ন বিভাগে মোট ১২০ জন শিক্ষার্থী ও ১২ জন শিক্ষক রয়েছে। ১৯৯৪-২০০২ পর্যন্ত প্রতিষ্ঠাতা অধ্যক্ষ হিসেবে চিত্রশিল্পী সমীরন চৌধুরী দায়িত্ব পালন করেন। বর্তমানে শিল্পী সামসুল ইসলাম আজাদ ২০০২ সাল হতে এই প্রতিষ্ঠানে অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন। অত্র প্রতিষ্ঠান থেকে ডিগ্রি প্রাপ্ত শিল্পীরা দেশের বিভিন্ন প্রান্তে দক্ষতা ও সুনামের সাথে শিল্প অঙ্গনে অবদান রাখছেন। যার মধ্যে এশীয়, জাতীয় ও নবীন শিল্পী চারুকলা প্রদর্শনীতে নিয়মিত অংশগ্রহণ উল্লেখ্যযোগ্য।



অদ্য ১০/০৩/২০২২ খ্রিঃ তারিখে নারায়ণগঞ্জ চারুকলা ইনস্টিটিউটের শূভ উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি। এ সময়ে আরও উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী, নারায়ণগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব নজরুল ইসলাম বাবু, স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ আনোয়ার হোসেন, জেলা প্রশাসক, পুলিশ সুপার, নারায়ণগঞ্জ জেলা আওয়ামী লীগ এর সভাপতি জনাব মোঃ আব্দুল হাই, কাউন্সিলরবৃন্দ, স্বনামধন্য স্থপতি জনাব ইকবাল হাবিব ও জনাব ইশতিয়াক জহির সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, আওয়ামী লীগের নেতৃবৃন্দ ও সর্বস্তরের জনগণ। তাছাড়াও উপস্থিতি ছিলেন, চারুকলা ইনস্টিটিউটের অধ্যক্ষ, প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রী, ঢাকা থেকে আগত স্বনামধন্য চারুশিল্পীবৃন্দ, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের নারী নেত্রীবৃন্দ ও প্রমুখ।